সংবাদ

তারিখ 04 FEB 2016
পৃষ্ঠা ২ কলাম ৫

## ইবি জাসদ ছাত্রলীগ
# সভাপতি মোস্তফা সম্পাদক রুবেল

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা জাসদ ছাত্রলীগের সম্মেলন গত রেববার কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। দীর্ঘ তিন বছর পরে এ সম্মেলন অনুষ্ঠিত সম্মেলনে সভাপতি হিসেবে মোস্তফা ইবনে হক এবং সাধারণ সম্পাদক পদে রুবেল ইসলামসহ ৩০ সদস্যের কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সংসদ।

দলীয় সূত্রে জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা জাসদ ছাত্রীগের সম্মেলন গত রোববার বেলা ১২টার দিকে কেন্দ্রীয় অডিটোরিয়ামে শুরু হয়। সম্মেলন শেষে দুপুর আড়াই টার দিকে কেন্দ্রীয় সংসদের সভাপতি শামসুল ইসলাম সুমন ৩০ সদস্যের কমিটি অনুমোদন দেন। কমিটিতে সভাপতি হিসেবে সদ্য বিদায়ী কমটির সাধারণ সম্পাদক মোস্তফা ইবনে হক এবং সাধারণ সম্পাদক হিসেবে রুবেল ইসলাম দায়ীত্ব পেয়েছেন।